# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন-৪১০০

www.cpa.gov.bd

বিজ্ঞপ্তি নং- ০৫/২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ- এর রাজস্ব খাতভূক্ত নিম্নোক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল জাঃবেঃস্কেল- ২০১৫ | ৩০/০৬/২০২৫ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ০১। | কর্ণফুলী পাইলট | ০১ | টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড- ০৬) | অনুর্ধ ৩২ বৎসর | (ক) আই এস ও-১৯৭৬ অনুযায়ী কর্ণফুলী এনডোর্সমেন্টসহ ১ম শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সনদধারী বা সমমানের সনদধারীসহ এইচ এস, সি পাশ। (খ) ইনল্যান্ড মাষ্টার ১ম শ্রেণী হিসাবে ০৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ০২। | পাইলট | ০৩ | টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড- ০৬) | অনুর্ধ ৩৫ বৎসর | ২য় শ্রেণির (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেট সহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা; অথবা ৩য় শ্রেণি (ডেক) কম্পিটেন্সি সার্টিফিকেট সহ বিদেশগামী জাহাজে ০৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা। |
| ০৩। | ইনল্যান্ড মাষ্টার ১ম শ্রেণী | ১০ | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০) | অনুর্ধ ৪৫ বৎসর | ক) ৮ম শ্রেণী পাস। খ) ১ম শ্রেণীর ইনল্যান্ড মাষ্টার সনদসহ ০২ বৎসরের অভিজ্ঞতা এবং কর্ণফুলী এনডোর্সমেন্ট |
| ০৪। | ইঞ্জিনিয়ার ক্রাফট | ০৩ | টাঃ ১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১) | অনুর্ধ ৩২ বৎসর | এস এস সি (বিজ্ঞান) সহ ইনল্যান্ড ইঞ্জিনিয়ারিং সনদ অবশ্যই থাকিতে হইবে। মেকানিক্যাল/ মেরিন ইঞ্জিনিয়ারিং এ ডিপ্লোমা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ০৫। | রেডিও অপারেটর | ০২ | টাঃ ১০২০০-২৪৬৮০/- (গ্রেড- ১৪) | অনুর্ধ ৩২ বৎসর | এইচ এস সি (বিজ্ঞান) পাশসহ রেডিও যন্ত্রপাতি পরিচালনার ট্রেডে সনদ। অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য এবং তাহাকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে। |

<u>আবেদন ফরম পূরণের শর্তাবলীঃ</u>

ক। পরিচালক (প্রশাসন), চবক বরাবরে লিখিত আবেদনপত্রে পদের নাম, প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজী), পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, ই- মেইল, জাতীয় পরিচয়পত্র নম্বর, জন্ম তারিখ ও বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, ধর্ম ইত্যাদি উল্লেখ থাকতে হবে।

খ। দরখাস্তের সাথে প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক-এর অনুকূলে ক্রমিক ১ হতে ৩ নং ক্রমিকের পদে আবেদনকারীদের ২০০/- (দুইশত) টাকা মূল্যের; ৪ নং ক্রমিকের পদে আবেদনকারীদের ১৫০/-(একশত পঞ্চাশ) টাকা মূল্যের এবং ৫ নং ক্রমিকের পদে আবেদনকারীদের ১০০/-(একশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

খ। আবেদনপত্রের সাথে সরকারী গেজেটেড কর্মকর্তা বা চবক-এর কোন কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২ (কপি) ছবি, শিক্ষাগত ও অভিজ্ঞতা সনদপত্রের অনুলিপি, পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনারের নিকট হতে নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ইত্যাদি দাখিল করতে হবে। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

গ। আবেদনপত্র আবেদন গ্রহণের শেষ তারিখের মধ্যে পরিচালক (প্রশাসন), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবরে ডাকযোগে/ সরাসরি প্রেরণ করতে হবে এবং আবেদনপত্র প্রেরণের জন্য ব্যবহৃত খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে।

ঘ। কেবল আবেদন দাখিল করা কোন প্রার্থীর চাকুরীর নিশ্চয়তা/অধিকার প্রদান করে না। নিয়োগের ক্ষেত্রে কোটা বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন/ নির্দেশনা প্রযোজ্য হবে।

ঙ। ত্রুটিপূর্ণ, অসম্পূর্ণ এবং ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ না দর্শিয়ে যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

চ। আবেদন গ্রহণ শুরুর তারিখঃ ১০/০৯/২০২৫ খ্রিঃ।

ছ। আবেদন গ্রহণের শেষ তারিখঃ ০৯/১০/২০২৫ খ্রিঃ।

স্বাক্ষরিত/-
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং- ১৮.১৩.০০০০.১৮১.১১.০৯-২০২৫/৪৮২ তারিখঃ ২৭/০৮/২০২৫ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৩। সকল সদস্য, চবক।
৪। বিভাগীয় প্রধান (সকল)/উপ-বিভাগীয় প্রধান (সকল), চবক।
৫। সচিব, চবক- বিজ্ঞপ্তিটি ০২ টি জাতীয় দৈনিকে এক দিনের জন্য প্রকাশনার যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ।
৬। সিস্টেমস্ এনালিষ্ট, চবক- এর ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৭। প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা, চবক- প্রাপ্ত পে-অর্ডার সমূহের বিষয়ে যথাযথ ব্যবস্হা গ্রহণের অনুরোধ করা হলো।
৮। লিয়াঁজো অফিসার, ঢাকাস্থ চবক সংযোগ দপ্তর, ২/১ এ, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০।
৯। সহকারী পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, আগ্রাবাদ, চট্টগ্রাম।
১০। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, চবক।

২৭।০৮।২৫
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ